

Times Today BD

ইমরান হোসেন রাজ | দেশজুড়ে | 07 July, 2025

যশোর ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল থেকে আব্দুর রহমান রাকিব (২৭) নামে এক ভুয়া ডাক্তারকে আটক করেছে পুলিশ।

রাকিব নিজেকে ডাক্তার পরিচয় দিয়ে রোগীদের কাছ থেকে টাকা হাতিয়ে নিচ্ছিলেন বলে অভিযোগ উঠেছে।

গত ১৫ দিন ধরে রাকিব হাসপাতালে ভর্তি রোগীদের স্বজনদের কাছ দিয়ে নিজেকে ডাক্তার পরিচয় দিতেন। এরপর রিপোর্টের কথা বলে তাদের কাছ থেকে অর্থ আদায় করতেন। টাকা নেওয়ার পর তাকে আর খুঁজে পাওয়া যেত না।

ভুক্তভোগী সানজিদা বেগম জানান, তার চাচাতো ভাইয়ের শাশুড়ি আইসিইউতে ভর্তি থাকাকালীন রাকিব তার কাছ থেকে ৫০০ টাকা নেন। হাসপাতালের কর্মচারী রাহুল জানান, রাকিব নিজেকে ১৫তম ব্যাচের জেমসি শিক্ষার্থী দাবি করতেন এবং এর আগেও একজন চিকিৎসকের পরিচয় দিয়ে অপারেশন থিয়েটারে কাজ করার কথা বলেছিলেন।

অভিযোগ উঠেছে, তিনি মডেল ওয়ার্ডের একজন রোগীর কাছ থেকে ৩ হাজার ৫০০ টাকা এবং আরেকজনের কাছ থেকে ২ হাজার ৫০০ টাকা হাতিয়ে নিয়েছেন। এমনকি হাসপাতালের তত্ত্বাবধায়ক তাকে এই দায়িত্ব দিয়েছেন বলেও তিনি মিথ্যা দাবি করেন।

কোতোয়ালী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবুল হাসনাত ভুয়া ডাক্তার আটকের বিষয়টি নিশ্চিত করেছেন।

হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. মো. হুসাইন শাফায়াত জানান, রাকিব হাসপাতালের কোনো কক্ষ ব্যবহার করতেন না এবং হাসপাতাল কর্তৃপক্ষ তাকে নিয়োগ দেয়নি। তিনি আরও বলেন, আটককৃত ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে পুলিশকে বলা হয়েছে এবং হাসপাতালে আরও কোনো ভুয়া ডাক্তার ঘোরাফেরা করছে কিনা, সে বিষয়েও তদন্ত চলছে।

আটক আব্দুর রহমান রাকিব বরিশালের ইনস্টিটিউট অফ হেলথ টেকনোলজির শিক্ষার্থী এবং যশোর শহরের শংকরপুর এলাকার মুজিবুর রহমানের ছেলে।

ভুয়া ডাক্তার আটক পুলিশ যশোর

URL: <https://timestodaybd.com/public/across-the-country/7758074387>